গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
ঘিওর, মানিকগঞ্জ
www.acl.ghior.manikganj.gov.bd

স্মারক নং- ৩১.৩০.৫৬২২.০০১.০৯.০০১.১৫-৫৬ তারিখঃ ০৫-০১-২০২৬ খ্রিঃ

**জলমহালের ইজারা বিজ্ঞপ্তি**

সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী ঘিওর উপজেলা প্রশাসনের ব্যবস্থাপনাধীন ২০ একর পর্যন্ত ইজারাযোগ্য জলমহাল ০৩ (তিন) বছর মেয়াদে (০১ বৈশাখ ১৪৩৩ হতে ৩০ চৈত্র ১৪৩৫ পর্যন্ত) সাধারণ আবেদনের মাধ্যমে ইজারা প্রদানের জন্য ভূমি মন্ত্রণালয়ের ২৩.১১.২০২৫ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০০২৩.২৫.৭০৪ নম্বর স্মারকে জারীকৃত প্রজ্ঞাপন অনুযায়ী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ/সদস্যগণের নিকট হতে নির্ধারিত সময়সূচি, নিয়মাবলী/শর্তাবলী ও চেকলিস্ট অনুসরণপূর্বক আবেদন আহবান করা যাচ্ছে।

**সময়সূচি**

| ক্রমিক নং | তারিখ | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ০১ | ০১ মাঘ থেকে ১৫ মাঘের মধ্যে (১৫ জানুয়ারি থেকে ২৯ জানুয়ারির মধ্যে) | অনলাইনে ইজারার আবেদন দাখিল। |
| ০২ | ১৮ মাঘ থেকে ২০ মাঘের মধ্যে (০১ ফেব্রুয়ারি থেকে ০৩ ফেব্রুয়ারি মধ্যে) | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালাকৃত মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল। |

**১৪৩৩ থেকে ১৪৩৫ বঙ্গাব্দ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ঘিওর উপজেলাধীন ইজারাযোগ্য অনূর্ধ্ব ২০ একর পর্যন্ত বদ্ধ জলমহালের তালিকা**

| ক্রমিক নং | ইজারাযোগ্য জলমহালের নাম | ইউনিয়নের নাম | মৌজার নাম | জলমহালের আয়তন (একরে) কম-বেশী | বিগত তিন বছরের ইজারা মূল্য | ৫% বৃদ্ধিতে সরকারি ইজারা মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | চরবাইলজুরী জলা | পয়লা | চরবাইলজুরী | ৩.০৬ | ১,০০,০০০/- | ১,০৫,০০০/- | |
| ০২ | চরবাইলজুরী বিল | পয়লা | চরবাইলজুরী | ৮.৩৭ | ৯,০০,১০০/- | ৯,৪৫,১০৫/- | |
| ০৩ | তেরশ্রী জলা | পয়লা | তেরশ্রী | ০.৭৬ | ১,০৬,০০০/- | ১,১১,৩০০/- | |

**নিয়মাবলী**

১. আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে আবেদন দাখিল করতে হবে।

২. যে সকল জলমহালের উপর উর্ধ্বতন কর্তৃপক্ষের/মন্ত্রণালয়ের স্থগিতাদেশ/সিদ্ধান্তের অপেক্ষায় অথবা কোন আদালতের স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থার আদেশ রয়েছে সে সকল জলমহালের উপর বর্ণিত আদেশ প্রত্যাহারের পর কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে। এছাড়া পরবর্তীতে কোন জলমহালের উপর অনুরূপ আদেশ হলেও সংশ্লিষ্ট জলমহালের ইজারা কার্যক্রম স্থগিত থাকবে।

৩. জলমহাল ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তিটি www.acl.ghior.manikganj.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

৪. জলমহালের আবেদন দাখিলের সকল শর্তাদি উপজেলা ওয়েব পোর্টাল ও উপজেলা নির্বাহী অফিসারের নোটিশ বোর্ড হতে জানা যাবে।

৫. আবদনের সকল তথ্যাদির কপিসহ জলমহাল ইজারার জন্য জামানতের ব্যাংক ড্রাফট/পে অর্ডারের কপি সীলগালাকৃত মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করতে হবে। **(সীলগালাকৃত খামের উপর জলমহাল ইজারা প্রাপ্তির আবেদন কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে)** খামের বাম পার্শ্বের নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখতে হবে।

৬. দরপত্র সিডিউল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ঘিওর অথবা সহকারী কমিশনার (ভূমি)'র কার্যালয়, ঘিওর, মানিকগঞ্জ হতে দরপত্র দাখিলের দিন পর্যন্ত অফিস চলাকালে ক্রয় ও নির্ধারিত তারিখ এবং সময়ে উপজেলা নির্বাহী অফিসার, ঘিওর এর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করা যাবে এবং ঐ দিন বেলা ৩:০০ ঘটিকার সময় দরদাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

৭. আবেদনের সীলগালাকৃত মুখবন্ধ খামের প্রাপ্ত কপি চূড়ান্ত কপি হিসেবে বিবেচিত হবে অর্থাৎ পরবর্তীতে অতিরিক্ত কোন কাগজপত্র সংযুক্ত করা যাবে না।

৮. আবেদনের সাথে উপজেলা সমবায় অফিসার কর্তৃক প্রত্যয়ন দাখিল করতে হবে।

৯. জলমহাল ইজারা গ্রহণে আগ্রহী প্রার্থীগন দরপত্র দাখিলের সময় ইজারা মূল্যের কমপক্ষে ২০% বিডি এবং প্রতি বছর ৩০-শে চৈত্রের মধ্যে পরবর্তী বছরের ইজারামূল্য, ভ্যাট ও আয়কর জমা প্রদান করতে বাধ্য থাকিবেন।

CamScanner

১০. নির্ধারিত মূল্যের উপর সর্বোচ্চ বৈধ দরপত্র দাতাকে জলমহাল ইজারা দেয়া হবে। তবে একাধিক দরপত্রে হার সমান হলে লটারীর মাধ্যমে ইজারাদার নির্বাচন করা হবে।

১১. ইজারা গ্রহীতা জলমহালের দখল পাওয়ার পূর্বে ৩০০/- (তিনশন) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে নিজ খরচে চুক্তি সম্পাদন বন্দোবস্ত দেয়া হবে।

১২. গৃহীত ইজারাদারের দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% হারে আয়কর এবং ১৫% হারে মূল্য সংযোজন কর ইজারা মূল্যের সাথে আলাদাভাবে এককালীন পরিশোধ করতে হবে।

১৩. দরপত্র আবেদন ফরম গ্রহণকারী আবেদন ফরমের মূল্য বাবদ (অফেরতযোগ্য) ৫০০/- (পাঁচশত) টাকা জলমহাল ও পুকুর ইজারা ১৪১৫২০২ নং নতুন অর্থনৈতিক কোডে চালানের মাধ্যমে জমা প্রদানপূর্বক www.minland.gov.bd ওয়েবসাইটে অথবা jm.lams.gov.bd লিংকে প্রবেশ করে অনলাইনে আবেদনপত্র দাখিল ও দাখিলকৃত আবেদনের প্রিন্ট কপি(যাবতীয় কাগজপত্রাদিসহ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,ঘিওর,মানিকগঞ্জ এ দাখিল করা যাবে।

১৪. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এবং জলমহাল ইজারা সংশ্লিষ্ট আইন/আদেশ/নির্দেশ যেগুলো এখানে উল্লেখ করা সম্ভব হয়নি, সেই আদেশ/নির্দেশ/আইনের সকল শর্তাবলী এই বিজ্ঞপ্তির ক্ষেত্রে প্রযোজ্য হবে। এছাড়া পরবর্তীতে সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত যে কোনো আদেশ/নির্দেশ এবং বিধিবিধান আবেদনকারী মেনে চলতে বাধ্য থাকবেন।

১৫. কর্তৃপক্ষ কোনোরূপ কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বিজ্ঞপ্তির কোনো অংশ বা সম্পূর্ণ দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

০৫.০১.২৫

(নাশিতা-তুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ঘিওর, মানিকগঞ্জ।

স্মারক নং- ৩১.৩০.৫৬২২.০০১.০৯.০০১.১৫- ৪৬৩(৯)

তারিখঃ ০৫-০১-২০২৫ খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে-

০১। জেলা প্রশাসক,মানিকগঞ্জ।
০২। অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), মানিকগঞ্জ।
০৩। সহকারী কমিশনার (ভূমি)/উপজেলা সমবায়/মৎস্য/কৃষি/সমাজসেবা/যুব উন্নয়ন/মহিলা বিষয়ক কর্মকর্তা/অফিসার–ইন-চার্জ, ঘিওর থানা,ঘিওর,মানিকগঞ্জ। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
০৪। চেয়ারম্যান/প্রশাসক...................................... ইউপি (সকল), ঘিওর। বহুল প্রচারের জন্য।
০৫। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ............................... ইউনিয়ন ভূমি অফিস, ঘিওর, মানিকগঞ্জ তাকে অত্র বিজ্ঞপ্তিটি এলাকায় বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
০৬। প্রোগ্রামার, জেলা আইসিটি সেন্টার, জেলা প্রশাসকের কার্যালয়,মানিকগঞ্জ। বিজ্ঞপ্তিটি জেলার ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
০৭। সহকারী প্রোগ্রামার, তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, ঘিওর, মানিকগঞ্জ। বিজ্ঞপ্তিটি উপজেলার ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
০৮। সম্পাদক,.................(তাঁকে বিজ্ঞপ্তিটি স্বল্প পরিসরে এক দিনের জন্য ভিতরের পাতায় সাধারণ হরফে ১১ ফন্টে (সাইজ: ;০৪ কলাম*০৯ ইঞ্চি) প্রকাশ করে ০৫ টি সৌজন্য কপি এ কার্যালয়ে দাখিলের জন্য অনুরোধ করা হলো।
০৯। অফিস কপি।

০৫/০১/২০২৫

(মোঃ তানভীর ইসলাম)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ঘিওর , মানিকগঞ্জ।

CamScanner